**এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস) সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ**
রেজিঃ নং ০০৫২১, তারিখঃ ০২/০১/২০১২খ্রি.
সংশোধিত রেজি নং-০০০৫, তারিখঃ ১৭/০৯/২০১৭খ্রি.
গ্রামঃ খুনিরটেক, পোঃ সাটুরিয়া, সাটুরিয়া, মানিকগঞ্জ ।

## নির্বাচনী বিশেষ সাধারণ সভা ও নির্বাচনী নোটিশ/২০২০

এতদ্বরা এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস) সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সম্মানীত সকল সদস্য গণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির ০৩/০৭/২০২০খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৪/০৯/২০২০খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে সমিতির কার্যালয়ে নির্বাচনী বিশেষ সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ০১ জন সভাপতি, ০১জন সহ-সভাপতি, ০১জন সম্পাদক, ০১জন যুগ্ন-সম্পাদক, ০১জন কোষাধক্ষ্য ও ০১ জন সদস্য সহ সর্বমোট ০৬জন সদস্য ব্যবস্থাপনা কমিটির পদে সরাসরি সদস্যদের ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে।

অতএব,উক্ত বিশেষ সাধারণ সভা ও নির্বাচনে অংশ গ্রহন করে ভোট প্রদানের জন্য এবং নির্বাচনী কাজে সহযোগিতা করার জন্য সকল সদস্যদের বিনীত ভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
মোঃ মোয়াজ্জেম হোসেন
সভাপতি
অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি
এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস) সঞ্চয় ও
ঋণদান সমবায় সমিতি লিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। জনাব.................................সদস্য নং (সকল), এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস) সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।
০২। উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।
০৩। জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ।
০৫। অফিস কপি।

মোঃ মোয়াজ্জেম হোসেন
সভাপতি
অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি
এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস) সঞ্চয় ও
ঋণদান সমবায় সমিতি লিঃ।

# এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস) সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

রেজিঃ নং ০০৫২১, তারিখঃ ০২/০১/২০১২খ্রি.

সংশোধিত রেজি নং-০০০৫, তারিখঃ ১৭/০৯/২০১৭খ্রি.

গ্রামঃ খুনিরটেক, পোঃ সাটুরিয়া, সাটুরিয়া, মানিকগঞ্জ।

## নির্বাচনী তফসিল-২০২০ খ্রিঃ

এতদ্বারা এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস) সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সম্মানিত সকল ভোটার সদস্যগণকে জানানো যাচ্ছে যে, বিগত ০৩/০৭/২০২০ খ্রিঃ তারিখের অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক অত্র সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন আগামী ০৪/০৯/২০২০ খ্রিঃ তারিখ, রোজ ঃ শুক্রবার, সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে সমিতির কার্যালয়ে ব্যবস্থাপনা কমিটির ০১ জন সভাপতি, ০১ জন সহ সভাপতি, ০১ জন সম্পাদক, ০১ জন যুগ্ম সম্পাদক, ০১ জন কোষাধ্যক্ষ ও ০১ জন সদস্য সহ সর্বমোট ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিটির ০১/০৮/২০২০ খ্রিঃ সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নরুপ নির্বাচনের তফসিল ঘোষনা করা হলো। উক্ত নির্বাচনে সম্মানিত সদস্যগণকে অংশগ্রহণ , ভোট প্রদান ও সার্বিকভাবে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

| ক্রঃ | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১। | মনোনয়ন পত্র বিতরন | ০২/০৮/২০২০ খ্রি | সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ০২। | মনোনয়ন পত্র জমা/দাখিল | ০৪/০৮/২০২০ খ্রি. | সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা | সমিতির কার্যালয় |
| ০৩। | মনোনয়ন পত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে, যদি কেহ উপস্থিত থাকেন) | ০৫/০৮/২০২০ খ্রি. | সকাল ১১.০০ ঘটিকা হতে | সমিতির কার্যালয় |
| ০৪। | বৈধ/বাতিলকৃত প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ০৬/০৮/২০২০ খ্রি. | সকাল ১১.০০ ঘটিকা হতে | সমিতির কার্যালয় এর নোটিশ বোর্ড |
| ০৫। | বৈধ/বাতিলকৃত মনোনয়ন পত্রের বিরুদ্ধে আপীল আবেদন দাখিল | ০৯/০৮/২০২০ খ্রি. ও ১০/০৮/২০২০ খ্রি. | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় কর্মকর্তা, মানিকগঞ্জ |
| ০৬ | আপীলের শুনানী গ্রহন। | ১৬/০৮/২০২০ খ্রি. ১৭/০৮/২০২০ খ্রি. ১৮/০৮/২০২০ খ্রি. | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | জেলা সমবায় কর্মকর্তা, মানিকগঞ্জ |
| ০৭। | আপীলের রায় ঘোষনা | ১৮/০৮/২০২০ খ্রি. | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | জেলা সমবায় কর্মকর্তা, মানিকগঞ্জ। |
| ০৮। | বৈধ/বাতিলকৃত প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ | ১৯/০৮/২০২০ খ্রি. | সকাল ১১.০০ ঘটিকা | সমিতির কার্যালয় এর নোটিশ বোর্ড |
| ০৯। | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ২০/০৮/২০২০ খ্রি. | সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ১০। | চুড়ান্ত তালিকা প্রকাশ ও প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | ২২/০৮/২০২০ খ্রি. | সকাল ১১.০০ ঘটিকা | সমিতির কার্যালয় এর নোটিশ বোর্ড |
| ১১। | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ২৩/০৮/২০২০ খ্রি. | সকাল ১১.০০ ঘটিকা | সমিতির কার্যালয় এর নোটিশ বোর্ড |
| ১২। | ভোট গ্রহন, ভোট গণনা, ফলাফল প্রকাশ | ০৪/০৯/২০২০ খ্রি. | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত | সমিতির কার্যালয়ে |

## নির্বাচনের প্রতীক সমূহঃ

০১। সভাপতি পদের জন্য ঃ ছাতা, চেয়ার ,হারিকেন।

০২। সহ-সভাপতি পদের জন্য ঃ আনারস, কলস, হাতপাখা।

০৩। সম্পাদক পদের জন্য ঃ গোলাপফুল, রজনীগন্ধা, বটগাছ।

০৪। যুগ্ম-সম্পাদক পদের জন্য ঃ দেওয়াল ঘরি, উড়োজাহাজ, হরিণ।

০৫। কোষাধ্যক্ষ পদের জন্য ঃ টেবিল, কলম, কম্পিউটার, ব্যাগ।

০৬। ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য ঃ আম, ছাতা, মই, ঘুড়ি, মোমবাতি।

## নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় ঃ

০১। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। উক্ত মনোনয়নপত্রের সাথে সংযুক্ত ছবি ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ/জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০২। নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরন করতঃ ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ/জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৩। বিভিন্ন পদের জন্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোয়নপত্রের ফি (যদি থাকে) প্রদান পূর্বক কপি মনোয়নপত্রের সঙ্গে জমা দিতে হবে।

০৪। দাখিলকৃত মনোয়নপত্র অসম্পূর্ন, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত মনোয়নপত্র এবং সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) ও বিধিমালা'২০০৪ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোয়নপত্র বাতিল বলে গন্য হবে।

০৫। মনোয়নপত্র যাচাই-বাছাইকালে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এবং সমিতির নিবন্ধিত উপ- আইন অনুযায়ী যোগ্য হতে হবে।

০৬। সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ২৮ (২) বিধি অনুযায়ী প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রের সাথে দেওয়া তথ্যের সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহন করতে পারবে।

০৭। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী আবেদন করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

০৮। কোন পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহের অধিক হলে পুনরায় অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই ব্যক্তি একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেনা।

০৯। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১-এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ -এর ৮৭(খ) ও ৮৮(৩) বিধি যথাযথ অনুসরণ করা হবে।

১০। নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৩২(১) বিধি মোতাবেক একক প্রার্থী হিসেবে ঘোষনা করা হবে।

১১। নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

১২। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগনকে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩ ইং) এর ১৮(৮), ১৯,৩৭ ধারা ও সমবায় সমিতি বিধিমালা'২০০৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

১৩। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৪ নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে

উক্ত নির্বাচন তফসিল সমিতির নোটিশ বোর্ডে টানাইয়া দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা সমবায় কার্যালয়, সাটুরিয়া, মানিকগঞ্জ ও জেলা সমবায় কার্যালয়, মানিকগঞ্জ পৌছানোর সিদ্ধান্ত গৃহীত হয়

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আলম
সদস্য
নির্বাচন কমিটি
এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস)
সঞ্চয় ও ঋণদানসমবায় সমিতি লিঃ।

মুনছুর হাসান
সদস্য
নির্বাচন কমিটি
এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস)
সঞ্চয় ও ঋণদানসমবায় সমিতি লিঃ।

মোঃ মোকলেছুর রহমান
সভাপতি
নির্বাচন কমিটি
এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস)
সঞ্চয় ও ঋণদানসমবায় সমিতি লিঃ।

**সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। জনাব.......................(সদস্য নং)................ এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস) সঞ্চয় ও ঋণদানসমবায় সমিতি লিঃ।

০২। উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।

০৩। জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ।

০৪। উপজেলা নির্বাচন অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।

০৫। সমিতির নোটিশ বোর্ড।

মোঃ মোকলেছুর রহমান
সভাপতি
নির্বাচন কমিটি
এডিপি(এ্যাকশন ফর ডেভেলপমেন্ট এন্ড পিস)
সঞ্চয় ও ঋণদানসমবায় সমিতি লিঃ।